

৪২

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

শোক দিবস

পালন

(ইত্তেফাক রিপোর্ট)

জগন্নাথ হল দুর্ঘটনায় নিহতদের স্মরণে গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'শোক দিবস' পালিত হয়। এ উপলক্ষে সন্ধ্যায় জগন্নাথ হল ছাত্র সংসদ আয়োজিত স্মরণ সভায় শিক্ষা জীবন রক্ষার স্বার্থে সন্ত্রাসের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সরকার এবং বিরোধী দলসহ সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আহ্বান জানান হইয়াছে। হল প্রভোষ্টে ডঃ পরেশ চন্দ্র মণ্ডলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই স্মরণ সভায় প্রো-ভিসি (শেষ পৃঃ ৪ এর কঃ ৩ঃ)

শোক দিবসে

(১ম পৃঃ পর)

ডঃ ওয়াকিল আহমেদ, পি, এস, সি'র চেয়ারম্যান ডঃ ইমাজউদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সাহাদৎ আলী, অফিসার সমিতির সভাপতি মুহম্মদ সেলিম, হল ছাত্র সংসদের জিপি সুভাষ সিংহ প্রমুখ বক্তৃতা করেন।

প্রো-ভিসি ডঃ ওয়াকিল আহমেদ বলেন, জগন্নাথ হল দুর্ঘটনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি দুঃখজনক অধ্যায়। তিনি ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধের জন্য সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানান। সভায় জগন্নাথ হল দুর্ঘটনায় আহতদের পুনর্বাসনের ব্যবস্থা করা এবং নিহতদের পরিবারবর্গের খোঁজ-খবর রাখার প্রস্তাব করা হয়। শোক দিবস পালন উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল হল এবং গুরুত্বপূর্ণ ভবনে কালো পতাকা উত্তোলন করা হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-অফিসার-কর্মচারীদের যৌথ শোক মিছিলে অপরাজেয় বাংলার পাদদেশ হইতে শুরু হইয়া জগন্নাথ হল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে। গণতান্ত্রিক ছাত্র একাডেমি

বিভিন্ন ছাত্র সংগঠনও স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে। সকাল ৮টা হইতে ১১টা পর্যন্ত হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ, খৃষ্টান সম্প্রদায়ের পৃথক প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। সাড়ে ১১টায় হল ছাত্র সংসদের উদ্যোগে রক্তদান কর্মসূচী পালিত হয়। বাদ জোহর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাত করা হয়। সন্ধ্যায় স্মরণ সভাশেষে 'হৃদয়ে অক্টোবর' শীর্ষক গীতি আলেখ্য পরিবেশিত হয়।